

আশ-শামস | Ash-Shams | الشَّمْسُ

আয়াতঃ ৯১ : ৭

আরবি মূল আয়াত:

وَنَفْسٍ وَ مَا سَوَّاهَا ﴿٧﴾

অনুবাদসমূহ:

কসম নাক্ষত্র এবং যিনি তা সুসম করেছেন। — আল-বায়ান

শপথ প্রাণের আর তাঁর যিনি তা সামঞ্জস্যপূর্ণ করেছেন, — তাইসিরুল

শপথ মানুষের এবং তাঁর, যিনি তাকে সুঠাম করেছেন। — মুজিবুর রহমান

And [by] the soul and He who proportioned it — Sahih International

৭. শপথ নফসের(১) এবং যিনি তা সুবিন্যস্ত করেছেন তার(২),

(১) এখানে মূলে نَفْس শব্দটি বলা হয়েছে। নাক্ষত্র শব্দটি দ্বারা যেকোনো প্রাণীর নাক্ষত্র বা আত্মা উদ্দেশ্য হতে পারে, আবার জবাবদিহি করতে বাধ্য মানুষের নাক্ষত্রও উদ্দেশ্য হতে পারে। [সাদী]

(২) এখানেও দু' রকম অর্থ হতে পারে। একটি হলো, শপথ নফসের এবং তার, যিনি সেটাকে সুবিন্যস্ত করেছেন। আরেকটি হলো, শপথ মানুষের প্রাণের এবং তা সুবিন্যস্ত করার। এখানে سَوَّاهَا মানে হচ্ছে, নাক্ষত্রকে তিনি সুপরিকল্পিতভাবে ও সুবিন্যস্তভাবে তৈরি করেছেন। [কুরতুবী] এছাড়া “সুবিন্যস্ত করার” মধ্যে এ অর্থও রয়েছে যে, তাকে জন্মগতভাবে সহজ সরল প্রকৃতির উপর সৃষ্টি করেছেন। [ইবন কাসীর]

তাকসীরে জাকারিয়া

৭। শপথ আত্মার এবং তার সুঠাম গঠনের। [1]

[1] অথবা যিনি তাকে সুঠাম বানিয়েছেন। তাকে সুঠাম বানিয়েছেন অর্থ হল তাকে অঙ্গ-প্রত্যঙ্গের উপযুক্ত বানিয়েছেন। তাকে বিশ্রী বা বেচঙ্গের বানাননি।

তাকসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=6050>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন